

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.১০৩

তারিখ: ২২ চৈত্র ১৪২৮

০৫ এপ্রিল ২০২২

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয়ে আবেদনপত্র পাওয়া গেছে:

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	পার-রাণীর পাড়া উচ্চ বিদ্যালয়, গাবতলী, বগুড়া	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	বুপনগর পাইলট স্কুল, পল্লবী, ঢাকা	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৩.	আল-ইহুসান উচ্চ বিদ্যালয়, সদর, গাজীপুর	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৪.	প্যারাডাইজ ইন্টারন্যাশনাল স্কুল, মিরপুর, ঢাকা	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত ছক মোতাবেক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমির নামজারি, হালনাগাদ খাজনা পরিশোধের কপি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (২) ব্যক্তিনামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তর ভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) নিম্ন মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের জেএসসি পরীক্ষার এবং মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); ও
- (৪) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল ঠিকানা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৬-৪-২০২২

সোনা মনি চাকমা

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ :

ফোন: ৯৫৪৫৭২০

১) চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: ds_sec2@moedu.gov.bd


২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.১০৩/১(৬)

তারিখ: ২২ চৈত্র ১৪২৮
০৫ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-৪-২০২২

সোনা মনি চাকমা

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)